

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫২৮৩

অমরপুর, ২৬ মার্চ, ২০২৪

অমরপুর মহকুমা ভিত্তিক দোল উৎসব

অমরপুরের রামঠাকুর সেবা মন্দির প্রাঙ্গণে গতকাল অমরপুর মহকুমা ভিত্তিক দোল উৎসব অনুষ্ঠিত হয়। মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে অমরপুর নগরপঞ্চায়েত এবং অমরপুর রামঠাকুর সেবা মন্দির কমিটির সহযোগিতায় অনুষ্ঠিত এই উৎসবের উদ্বোধন করেন অমরপুর নগরপঞ্চায়েতের উপ কার্যনির্বাহী আধিকারিক ধীরপদ দেবনাথ। মহকুমা সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য প্রদীপ দাস, নিলয়কান্তি সাহা প্রমুখ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। মহকুমার বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন।
